

৮ জনকে খেফতার : কলেজ ৯ জানুয়ারী পর্যন্ত বন্ধ

## সিলেট সরকারী কলেজে ছাত্রদের হামলা ১১ শিবির কর্মী আহত

সিলেট অফিস : সিলেট সরকারী কলেজে গতকাল (সোমবার) ছাত্রদের নামধারী বহিরাগতদের হামলায় প্রায় ১১ জনের আহত হয়েছে। এরা সবাই শিবিরের কর্মী ও সমর্থক বলে জানা গেছে। এর মধ্যে ৫ জন গুরুতর আহত ও একজনের অবস্থা অপংকায়ন্নক। তাদেরকে স্থানীয় ক্লিনিকে ও ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় ছাত্রদের নেতা ইফতেখার হোসেন মিনারসহ ৮ জনকে খেফতার করা হয়েছে। উত্তেজনাকর পরিস্থিতিতে আগামী ৯ জানুয়ারী পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

জানা গেছে, গত রবিবার কলেজ ক্যাম্পাসে ছাত্রদের ইমরান নামে এক কর্মী শিবিরের হাতে নিহত হয়। এর জের ধরে গতকাল ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়। এক পর্যায়ে

ছাত্রদের বহিরাগতরা সশস্ত্র অবস্থায় ক্যাম্পাসে গিয়ে শিবির কর্মীদের ওপর হামলা চালালে উত্তেজিতরা আহত হয়। বরং পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং ঘটনাস্থল থেকে ছাত্রদের ৮ জনকে আটক করে। আহতরা হলেন- সুমন সিদ্দিকী, ফয়য়ুজ ইসলাম ইয়াহইয়া, হাফিজ রাজা, আবু সাহিদ, আশরাফ হোসেন ও শাহরিয়ার। অন্যদের নাম জানা যায়নি। সিলেটের পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এই রিপোর্ট লেখা পর্যন্ত ফয়য়ুজ ইসলাম ও ইয়াহইয়াকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানোর ব্যবস্থা নেয়া হচ্ছিল।

এদিকে উত্তেজনা প্রশমনে জেলা বিএনপি ও মহানগর ছাত্রাচার্যের নেতৃত্ব প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।